# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণায় বিটিভি ও বেতার প্রস্তুত




সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন আগামী বুধবার (১০ ডিসেম্বর) প্রধান নির্বাচন কমিশনারের ভাষণের মাধ্যমে তফসিল ঘোষণা করতে যাচ্ছে। এই উদ্দেশ্যে বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারকে প্রস্তুতি নিতে চিঠি পাঠানো হয়েছে। ভাষণ রেকর্ডের পর রাষ্ট্রপতির সঙ্গে কমিশনের সাক্ষাৎ শেষে তফসিল সরাসরি জাতীয় সম্প্রচারে জানানো হবে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল ঘোষণা এবং প্রচারের জন্য নির্বাচন কমিশন ১০ ডিসেম্বর প্রধান নির্বাচন কমিশনারের ভাষণ রেকর্ড করার সিদ্ধান্ত নিয়েছে। সোমবার ৮ ডিসেম্বর বিটিভি ও বেতারকে প্রস্তুতি নিতে অফিসিয়াল চিঠি পাঠানো হয়েছে।

জানা গেছে, ভাষণ রেকর্ডের দিন রাষ্ট্রপতির সঙ্গে কমিশনের সাক্ষাতের কর্মসূচি রয়েছে। পরবর্তীতে সরাসরি বা সময়মতো জাতীয় সম্প্রচারের মাধ্যমে তফসিল ঘোষণা করা হতে পারে।

নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ বলেন, ভাষণের মাধ্যমে তফসিল প্রকাশ করা হবে এবং ১১ ডিসেম্বরের মধ্যে সব প্রস্তুতি শেষ করতে হবে।

প্রতি জাতীয় সংসদ নির্বাচনের আগে কমিশন বিটিভি ও বেতারের মাধ্যমে ভাষণের মাধ্যমে তফসিল প্রকাশের রেওয়াজ অনুসরণ করে। ২০২৪ সালের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়ও একইভাবে ভাষণ রেকর্ড করা হয়েছিল এবং তফসিল সরাসরি সম্প্রচার করা হয়েছিল।